

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কেন্দ্রীয় বাজার ব্যবস্থাপনা কমিটি
কৃষি বিপণন অধিদপ্তর
গাবতলী, ঢাকা।
স্পেস বরাদ্দের জন্য আবেদন পত্র

- ১। কৃষক বিপণন দলের (এফএমজি)/সাধারণ ব্যবসায়ীর নামঃ.....
- ২। এফএমজি এর পক্ষে সভাপতি/সদস্য সচিবের নামঃ
- ৩। পিতা/স্বামীর নামঃ
- ৪। মাতার নামঃ
- ৫। বর্তমান ঠিকানাঃ ক) গ্রামঃ খ) ডাকঘরঃ.....
গ) উপজেলাঃ..... ঘ) জেলাঃ.....
- ৬। স্থায়ী ঠিকানাঃ ক) গ্রামঃ..... খ) ডাকঘরঃ.....
গ) উপজেলাঃ..... ঘ) জেলাঃ.....
- ৭। আবেদনকারী কর্তৃক দেয় মাসিক ভাড়াঃ প্রতি বর্গফুট ২৫/- টাকা হিসেবে সর্বমোটঃ
ক) সজী = ৩,৬২৫/- টাকা
খ) ফল ও মসলা = ৪,১৭০/- টাকা
গ) ওমেন্স কর্ণার = ৪,৫০০/- টাকা
ঘ) প্রসেসিং রুম = ২৮,৭৫০/- টাকা
- ৮। আবেদনকৃত স্পেসের জন্য প্রদেয় পে-অর্ডারব্যাংক ড্রাফট নং/.....
তারিখঃ..... ব্যাংকের নাম.....
- ৯। আবেদনকারীর মোবাইল নং..... টেলিফোনঃ.....
- ১০। ব্যবসার ধরণ পাইকারীঃ..... বিক্রেতা
- ১১। ব্যবসায়িক অফিঞ্জতাঃ..... বছর

আবেদনকারীর স্বাক্ষর

Appl for space allotment

শর্তাবলীঃ

- ০১। আবেদন পত্রের সঙ্গে সভাপতি ও সদস্য সচিব, কেন্দ্রীয় বাজার ব্যবস্থাপনা কমিটি এর অনুকূলে ১০০/- (একশত) টাকা মূল্যের (অফেরতযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
- ০২। আবেদন পত্রে নির্দিষ্ট স্থানে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।
- ০৩। কৃষক বিপণন দল (এফএমজি) ভিত্তিক স্পেস বরাদ্দ নেয়ার জন্য আবেদন করা যাবে। অর্থাৎ কোন একটি দলের (এফএমজি) পক্ষে সভাপতি অথবা সদস্য সচিব স্পেস বরাদ্দ চেয়ে আবেদন করতে পারবেন এবং সাধারণ ব্যবসায়ীদেরকে ব্যক্তিগতভাবে আবেদন করতে হবে।
- ০৪। আগ্রহী কৃষক বিপণন দলকে (এফএমজি) অবশ্যই সংশ্লিষ্ট বাজার ব্যবস্থাপনা কমিটির সভাপতি অথবা সদস্য সচিব কর্তৃক প্রদত্ত একটি প্রত্যয়নপত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৫। শুধুমাত্র সজী, ফল (দেশী) ও মসলা জাতীয় ফসল এবং অন্যান্য ফসল যেমনঃ- ভুট্টা, সুগন্ধীচাল, বাদাম, মুগবীন, সূর্যমুখী এ সমস্ত ফসল ভিত্তিক ব্যবসা পরিচালনা করতে হবে।
- ০৬। যাচাই-বাছাই এর পর স্পেসের সংখ্যা থেকে আবেদন পত্রের সংখ্যা বেশী হলে কর্তৃপক্ষ লটারীর মাধ্যমে বরাদ্দ প্রদানের ব্যবস্থা করবে। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৭। বরাদ্দ প্রাপক দল/ ব্যক্তিকে বরাদ্দপত্র প্রাপ্তির ১০ দিনের মধ্যে নিরাপত্তা জামানত হিসেবে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) এবং প্রসেসিং রুমের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য), সভাপতি ও সদস্য সচিব, কেন্দ্রীয় বাজার ব্যবস্থাপনা কমিটি এর অনুকূলে জমা দিয়ে স্পেস/ প্রসেসিং রুম এর দখল স্বত্ব বুঝে নিতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল বলে গণ্য হবে।
- ০৮। বরাদ্দ প্রাপক দল/ ব্যক্তিকে স্পেসের বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই ব্যবসা শুরু করতে হবে। অন্যথায় উক্ত সময়ের পর বরাদ্দ বাতিল করা হতে পারে। বাতিল করা হলে নিরাপত্তা জামানতের শতকরা ৫০ ভাগ ও অন্যান্য পাওনা কর্তন করে অবশিষ্ট অর্থ ফেরৎ প্রদান করা হবে।
- ০৯। বরাদ্দপত্র প্রাপ্তির ১৫ দিনের মধ্যে বরাদ্দ প্রাপক দল/ ব্যক্তিকে কেন্দ্রীয় বাজার ব্যবস্থাপনা কমিটির সংগে একটি চুক্তিপত্রে আবদ্ধ হতে হবে।
- ১০। বরাদ্দ প্রাপক দল/ ব্যক্তি প্রাপ্ত স্পেস অন্য কারো নিকট হস্তান্তর কিংবা ভাড়া প্রদান করতে পারবেন না।
- ১১। অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- ১২। কর্তৃপক্ষ জনস্বার্থে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল আবেদন গ্রহণ বা বাতিল বা অন্য যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

সদস্য-সচিব
কেন্দ্রীয় বাজার ব্যবস্থাপনা কমিটি
গাবতলী, ঢাকা।
ও
উপপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর
ঢাকা বিভাগ, ঢাকা।

উল্লিখিত শর্তসমূহ মেনে নিতে সম্মত হয়ে আবেদনপত্র দাখিল করিলাম।

(আবেদন কারীর স্বাক্ষর)

Appl for space allotment